

বরিশাল বিভাগের ৪২টি মাধ্যমিক বিদ্যালয়ের অনুমোদন নেই

বরিশাল ব্যুরো

শিক্ষা বোর্ডের অনুমোদন না থাকায় বরিশাল বিভাগে ৪২টি মাধ্যমিক স্কুল ভবনের শিক্ষা কার্যক্রম চালাচ্ছে। এর মধ্যে ভোলা জেলার রয়েছে সর্বাধিক ১২টি বিদ্যালয়। বরিশাল শিক্ষা বোর্ড সূত্রে জানা গেছে, বছরের পর বছর চলতেও নিয়মানুযায়ী ছাত্রছাত্রীদের অন্যান্য সুযোগ-সুবিধা না থাকায় বরিশাল বিভাগের ৪২টি বিদ্যালয়কে শিক্ষা কার্যক্রম চালানোর অনুমতি দেয় বেকেই দেয়নি কর্তৃপক্ষ। এর মধ্যে ভোলায় ১২টি, পটুয়াখালীতে ৮টি, বরগুণায় ৫টি, পিরোজপুরে ৪টি, ফরিদপুরে ৪টি এবং বরিশালে ৯টি মাধ্যমিক বিদ্যালয় রয়েছে। গত মাসে অনুষ্ঠিত বরিশাল শিক্ষা বোর্ডের সর্বশেষ মঞ্জুরি কমিটির সভায়ও ৬ইসব বিদ্যালয়ের অনুমোদনের আবেদন অগ্রাহ্য করা হয়। এদিকে সেন্ট্রাল শিক্ষা অফিস ও বোর্ডের অনুমোদন এবং তদারকি না থাকার কারণে উপস্থিত শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শিক্ষা ব্যবস্থা ও পাঠদান পদ্ধতি নিয়মতান্ত্রিকভাবে চলছে না বলে অভিযোগ রয়েছে। এসব প্রতিষ্ঠান বোর্ড

নির্ধারিত নিয়ম অনুসরণ না করলেও পরীক্ষার সময় বোর্ড নির্ধারিত ফি আদায় করার পাশাপাশি নিয়ম ফিও আদায় করছে। এরপর বিদ্যালয়ের শিক্ষার্থীদের অন্যান্য বিদ্যালয়ের ছাত্রছাত্রী হিসেবে দেবিয়ে পরীক্ষায় অংশ নেয়ার সুযোগ করে দিচ্ছে। এ কারণে এই বিদ্যালয়গুলোর বিরুদ্ধে শিক্ষা বোর্ড কোন ব্যবস্থাও গ্রহণ করতে পারছে না।